দৈনিক ইনকিলাব

27 APR 1987
তারিখ ...
পৃষ্ঠা ... ৪

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের অফিস

কলেজ অব টেক্সটাইল টেকনোলজি

তেজগাঁও, ঢাকা-৮

077

## ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজ অব টেক্সটাইল ইঞ্জিনি-
য়ারিং এণ্ড টেকনোলজিতে ১৯৮৬-৮৭ শিক্ষা বর্ষে ৪ (চার)
বৎসর মেয়াদী বি, এস-সি, ইন টেক্সটাইল টেকনোলজি কোর্সে
১ম বর্ষে সর্বমোট ৬০টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত
ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

**ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ঃ**

১। প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে নাগরিকত্ব গ্রহণে বাংলা-
দেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান
বিভাগে এস, এস, সি, কিংবা ইহার সমমানের পরীক্ষায়
নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর (গ্রেস নম্বর বাদে) পাইয়া
দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে।

৩। ১৯৮৬ সনে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা
বোর্ড হইতে (বিজ্ঞান বিভাগে) উচ্চ মাধ্যমিক কিংবা ইহার
সমমানের পরীক্ষায় নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর
(গ্রেস নম্বর বাদে) পাইয়া দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে
হইবে এবং গণিত, পদার্থ ও রসায়নে গড়ে কমপক্ষে ৫৫%
নম্বর এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে
কমপক্ষে ৫০% নম্বর পাইতে হইবে।

৪। ১৯৮৪ ও ১৯৮৫ সনে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায়
উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত নম্বরের ৫৫% নম্বর, এবং অংক,
পদার্থ ও রসায়নে গড়ে কমপক্ষে ৬০% নম্বর পাইতে হইবে
এবং উপরোক্ত প্রতিটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৫৫%
নম্বর পাইতে হইবে। ১৯৮৩ ও তৎ পূর্ববর্তী বৎসরসমূহে
অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের দরখাস্ত
গ্রহণ করা হইবে না।

**দরখাস্ত করার নিয়মাবলী ঃ**

আগামী ৯-৫-৮৭ ইং হইতে ২৫-৫-৮৭ ইং পর্যন্ত এবং
১-৬-৮৭ ইং হইতে ৯-৬-৮৭ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন
সময় রেজিষ্ট্রারের দপ্তরে নগদ ২০/- (বিশ) টাকা প্রদানপূর্বক
ভর্তির ফরম সরাসরি গ্রহণ করা যাইবে অথবা অধ্যক্ষের অনুকূলে
টাঃ ২০/- (বিশ)-এর ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী
ব্যাংক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-৮ শাখার উপরে নিজ
ঠিকানাসহ ৫ (পাঁচ) টাকার ডাক টিকেট সম্বলিত ১০″ × ৪½″
আকারের খাম পাঠাইলে ভর্তির ফরম পাওয়া যাইবে। ভর্তির
ফরম যথাযথভাবে পূরণ পূর্বক নিম্নেবর্ণিত দলিলাদিসহ ৯-৬-৮৭
ইং তারিখে বিকাল ২টার মধ্যে অধ্যক্ষের দপ্তরে পৌছাইতে
হইবে। খামের উপর "ভর্তির আবেদনপত্র" কথাটি উল্লেখ
থাকিতে হইবে। নির্ধারিত তারিখের পরে ডাকযোগে প্রাপ্ত
দরখাস্ত গ্রহণ করা হইবে না।

**আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে ঃ**

১। এস, এস, সি, ও এইচ, এস, সি, পরীক্ষা অথবা সমমানের
পরীক্ষা পাসের সনদ পত্রের সত্যায়িত কপি ইহার অবর্ত-
মানে যে স্কুল এবং কলেজ হইতে পাস করিয়াছে উক্ত শিক্ষা
প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রাপ্ত প্রশংসাপত্রের
সত্যায়িত (গেজেটেড অফিসার কর্তৃক) কপি।

২। বোর্ড হইতে এস, এস, সি, ও এইচ, এস, সি, পরীক্ষা
অথবা সমমানের পরীক্ষার নম্বর তালিকার সত্যায়িত
(গেজেটেড অফিসার কর্তৃক) কপি।

৩। সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করিয়াছে সে শিক্ষা
প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে চারিত্রিক সনদপত্র।

৪। ভর্তি পরীক্ষার ফি হিসাবে অধ্যক্ষ, কলেজ অব টেক্সটাইল
টেকনোলজি, তেজগাঁও, ঢাকা-৮-এর অনুকূলে ৫০/-
(পঞ্চাশ) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট,
সোনালী ব্যাংক তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-৮, শাখার
উপরে দিতে হইবে।

৫। পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত ফটো।

**ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচী ঃ**

এইচ, এস, সি, অথবা ইহার সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট
নম্বরের (গ্রেস নম্বর বাদে) ভিত্তিতে মেধানুযায়ী সর্বোচ্চ ১০০০
(এক হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে
দেওয়া হইবে। এবং ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থী-
দের নাম ক্রমিক নম্বর ঘোষণার তারিখ ২৮-৬-৮৭ রবিবার
(বাং ১৩ই জ্যৈষ্ঠ, ১৩৯৪)।

লিখিত পরীক্ষা ঃ

| বিষয় | নম্বর | তারিখ ও সময় |
|---|---|---|
| (ক) অংক | ৬০ | ১৯-৭-৮৭ ইং রবিবার, (বাং ২রা শ্রাবণ ১৩৯৪) |
| (খ) পদার্থ বিজ্ঞান | ৬০ | ১ম শিফট ৯টা হইতে ১২টা। |
| (গ) রসায়ন শাস্ত্র | ৬০ | ২য় শিফট ১২টা হইতে ৩টা। |
| (ঘ) ইংরেজী (ফাংশনাল) | ২০ | |
| মোট নম্বর | ২০০ | |

উপরোক্ত পরীক্ষা এইচ, এস, সি, পরীক্ষার সিলেবাস অনু-
যায়ী হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদিগকে
প্রয়োজনীয় উত্তরপত্র দেওয়া হইবে। কেবল কলম, পেন্সিল ও
জ্যামিতির বাক্স সংগে আনিতে হইবে, পরীক্ষায় ক্যালকুলেটর
ব্যবহার করা যাইবে না।

**প্রার্থী নির্বাচন ঃ**

এইচ, এস, সি, পরীক্ষায় (গ্রেস নম্বর বাদে) প্রাপ্ত মোট নম্বরের
১০% লিখিত পরীক্ষার ফলাফলের সহিত যোগ করিয়া মেধা-
তালিকা প্রস্তুত করা হইবে।

চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ও অপেক্ষ-
মাণ তালিকা (ক্রমিক নম্বরসহ) আগামী ২৮-৭-৮৭ ইং মঙ্গলবার
বিজ্ঞপ্তি ফলকে দেওয়া হইবে।

**ভর্তির নিয়মাবলী ঃ**

১। প্রত্যেক নির্বাচিত প্রার্থীকেই টাঃ ৪০ (চল্লিশ) ফী প্রদান-
পূর্বক অত্র কলেজ কর্তৃক নির্ধারিত মেডিক্যাল অফিসার
হইতে শারীরিক সুস্থতা সনদ গ্রহণ করিতে হইবে। মেডি-
ক্যাল পরীক্ষায় সনদ গ্রহণ ব্যর্থ হইলে ভর্তির অযোগ্য
বলিয়া বিবেচিত হইবে।

২। আগামী ২৯-৭-৮৭ ইং হইতে ২৫-৮-৮৭ ইং (সকাল ৯টা
হইতে দুপুর ১টা)-এর মধ্যে ভর্তি হইতে হইবে (৩-৮-৮৭ ইং
হইতে ১১-৮-৮৭ ইং পর্যন্ত ঈদুল আজহার বন্ধ থাকিবে)।
কোন প্রার্থী উক্ত সময়ের মধ্যে ভর্তি হইতে ব্যর্থ হইলে
তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে, এবং দ্বিতীয়
মেধা তালিকা ২৬-৮-৮৭ ইং কলেজের বিজ্ঞপ্তি ফলকে
দেওয়া হইবে।

৩। ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকেই তাহার এস, এস-সি ও
এইচ, এস-সি পরীক্ষার মূল সনদপত্র, প্রশংসাপত্র ও নম্বর-
পত্র দেখাইতে হইবে।

৪। ভর্তির সময় দেয় টাকার পরিমাণ আনুমানিক টাঃ ৬৩৫/-
(সর্বসাকুল্যে)।

৫। ভর্তি সম্পর্কে বিস্তারিত জানার নিমিত্তে অত্র কলেজের
রেজিষ্ট্রার-এর সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা
হইল। ভর্তির ব্যাপারে যাবতীয় তথ্যাদি ও পরীক্ষার
ফলাফল অত্র কলেজের বিজ্ঞপ্তি ফলকে দেওয়া হইবে।

৬। বর্ণিত শিক্ষা বর্ষে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার
সম্ভাব্য তারিখ ২৫-১০-৮৭ ইং।

৭। ছাত্রাবাসে সকল ছাত্রদের থাকার সংস্থান করা যাইতে
পারে।

৮। ছাত্রীদের জন্য থাকার কোন ছাত্রীবাস-এর ব্যবস্থা নাই।

৯। ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার তারিখ হইতে
১৫ (পনর) দিনের মধ্যে কোন ছাত্র/ছাত্রী ক্লাসে উপস্থিত
হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তি সরাসরি বাতিল বলিয়া
গণ্য হইবে।

১০। উক্ত বাতিলকৃত আসনে ৩য় মেধা তালিকা হইতে ছাত্র/
ছাত্রী পরবর্তী ২০ (বিশ) দিনের মধ্যে ভর্তি করা হইবে।

**ভর্তির ব্যাপারে ঃ**

"ভর্তি কমিটির" সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

সংরক্ষিত আসন ঃ মহিলা ১০% (মোট আসনের)।

উপজাতীয় ঃ ১ (একটি) আবেদনকারীর দাবীর সপক্ষে প্রমাণাদি
অবশ্যই দাখিল করিতে হইবে এবং দরখাস্তে উপ-
জাতি কথাটি লিখিয়া দিতে হইবে।

বিঃ দ্রঃ কোন প্রার্থী ভর্তির জন্য যে কোন উপায়ে প্রভাব সৃষ্টি
করিতে চাহিলে সে ভর্তির জন্য অযোগ্য বলিয়া বিবে-
চিত হইবে।

(ডঃ মোস্তাফিজুর রহমান)
চেয়ারম্যান, ভর্তি কমিটি
ও
অধ্যক্ষ
কলেজ অব টেক্সটাইল টেকনোলজি,
তেজগাঁও, ঢাকা-৮।

ডি,এফ,পি,-(স) ১১০০০(৩)২২/৪
স—১২৮০